

ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির সভা

সভার তারিখ: ২০-০৬-২০২৩ ইং তারিখ মঙ্গলবার সকাল ১০ টা।

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর: -

ক্রমিক	নাম	বর্তমান পরিচয়	কমিটির পদবী	স্বাক্ষর
১	জনাব মো: জাকির হোসেন চৌধুরী	ইউপি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২	জনাব মোসা: শাহীদা বেগম	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৩	জনাব মোসাম্মাৎ খাদিজা আক্তার	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৪	জনাব রাহেলা বেগম অনু	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৫	জনাব আমজাত হোসেন	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৬	জনাব মো: সুরুজ মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৭	জনাব মো: ফারুক মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৮	জনাব আরিফ মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৯	জনাব মো: সুলতান উদ্দিন সরকার	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১০	জনাব আরিফুল হাসান	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১১	জনাব শেখ রোমান	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১২	জনাব লোকমান হোসেন	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১৩	জনাব মো: বাবুল মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১৪	জাহানারা আক্তার	সহকারী স্বাস্থ্য পরিদর্শক	সদস্য	অনুপস্থিত
১৫	মো: কাউসার মিয়া	পরিবার পরিকল্পনা সহকারী	সদস্য	স্বাক্ষরিত
১৬	মো: রফিকুল ইসলাম	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
১৭	আসলাম মিয়া	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
১৮	মো: জাকারিয়া মিয়া	সমাজ কর্মী	সদস্য	স্বাক্ষরিত
১৯	মো: এরশাদ উল্লাহ	সমাজ কর্মী	সদস্য	স্বাক্ষরিত
২০	মো: ইকবাল হোসেন	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্য ২০-০৬-২০২৩ ইং রোজ সোমবার সকাল ১১টায় গজারিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে গজারিয়া জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: জাকির হোসেন চৌধুরী সাহেব সভার সভাপতি হিসাবে উপস্থিত থাকেন।

সভার শুরুতেই পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করা হয়। সভাপতি সাহেব শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন এবং অদ্যকার সভার আলোচ্য বিষয় হিসাবে নিম্ন বর্ণিত বিষয় উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়:

১. গজারিয়া ইউনিয়ন পরিষদের অধিনে বসবাসরত সকল মানুষের জন্ম-মৃত্যু নিবন্ধন শতভাগ সম্পন্ন করন।
২. শূন্য থেকে ৪৫ দিনের মধ্যের সকল শিশুর জন্ম নিবন্ধন এবং সকল মৃতের মৃত্যু নিবন্ধন শতভাগ সম্পন্ন করনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও বিবিধ।

আলোচ্য বিষয়: ১. গজারিয়া ইউনিয়ন পরিষদের অধিনে বসবাসরত সকল মানুষের জন্ম-মৃত্যু নিবন্ধন শতভাগ সম্পন্ন করন বিষয়ে অদ্যকার সভায় ইউপি সচিব সাহেব জানান, এই ইউনিয়নে অন লাইনে সর্ব মোট ২৪০০০ চব্বিশ হাজার মাত্র জন্ম নিবন্ধন করা হয়েছে। জনসংখ্যার তুলনায় দুই তৃতীয়াংশ। বাকী এক তৃতীয়াংশ জনগণের জন্ম নিবন্ধন করা অতীব জরুরী। কারন হিসাবে সভার সভাপতি সাহেব জানান, যেহেতু বিশ বছরের নিচের লোকজনের জন্ম নিবন্ধন করতে গেলেই পিতা-মাতার জন্ম নিবন্ধন লাগছে এবং জন্ম নিবন্ধন ব্যাতিত সরকার ইউনিক আইডি কাজ করতে পারছে না। এমতাবস্থায় সকলের জন্ম-মৃত্যু নিবন্ধন করার ক্ষেত্রে কিকি প্রতিবন্ধকতা আছে এবং কিকি তার


সমাধান তা নিয়ে আলোচনা করা ও সিদ্ধান্ত গ্রহণের আহ্বান রেখে সভাপতি সাহেব তার বক্তব্য শেষ করেন। অতঃপর সভায় বিষয় টি নিয়ে অনেক আলোচনা হয়। জন্ম নিবন্ধন করার ক্ষেত্রে যাদের বয়সের প্রমাণ পত্র নাই তাদের ক্ষেত্রে এম বি বি এস ডাক্তারের প্রত্যয়ন পত্র অতি সহজে যাতে পেতে পারে তার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত ডাক্তারের সাথে আলোচনা করে রাখার জন্য চেয়ারম্যান সাহেবকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত: ১. যাদের বয়সের প্রমাণ পত্র নাই তাদের ক্ষেত্রে এম বি বি এস ডাক্তারের প্রত্যয়ন পত্র অতি সহজে যাতে পেতে পারে তার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত ডাক্তারের সাথে আলোচনা করে রাখার জন্য চেয়ারম্যান সাহেবকে সভার পক্ষ থেকে অনুরোধ করায় চেয়ারম্যান সাহেব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত ডাক্তারের সাথে আলোচনা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা: ২. শূন্য থেকে ৪৫ দিনের সকল শিশুদের জন্ম নিবন্ধন তথা জন্মের সাথে সাথে জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করার ক্ষেত্রে অভিভাবকদের অসচেতনতাই শুধু দায়ী নয় বলে আলোচনায় উঠে আসে। এই ক্ষেত্রে সকল ইউপি কর্মচারী ও সকল সদস্যদের সতর্ক দৃষ্টি রাখাও আবশ্যিক বলে আলোচনা হয়। ইউপি কর্মচারী ও সকল সদস্যদের সতর্ক দৃষ্টি রাখলে এবং সদস্যগণ যদি সকল জনগনকে সচেতন করে তুলতে পারেন তাহলে এই কর্মসূচী সফল হবে। তা ছাড়া সদস্যগণ নিজেরা তাদের স্ব-স্ব ওয়ার্ডের সকল মসজিদের ইমামদের মাধ্যমে মসজিদের মাইকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করলেই কর্মসূচীর আরো অগ্রগতি আসবে। সকল আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : ২. সদস্যগণ নিজেরা তাদের স্ব-স্ব ওয়ার্ডের সকল মসজিদের ইমামদের মাধ্যমে মসজিদের মাইকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন এবং ইউনিয়ন পরিষদের সকল দায়িত্বপ্রাপ্ত গ্রাম পুলিশ গন তাদের উপর অর্পিত এলাকার সকল বাড়িতে সপ্তাহে একবার করে ঘুরে আসবেন ও এই সংক্রান্ত তথ্য সংগ্রহ করবেন।

অতঃপর সভায় অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভার কাজ শেষ করেন।



মোঃ জাকির হোসেন চৌধুরী
চেয়ারম্যান
গজারিয়া ইউনিয়ন পরিষদ
পলাশ, নরসিংদী।